# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৮ | ৭ |

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ আক্তার সাহেব একটি পোশাক কোম্পানির মালিক। তিনি পোশাক কারখানায় কার্যাবলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সব ধরনের উপকরণ সঠিকভাবে সাজিয়ে প্রতিটি যন্ত্রকে তার কাজ অনুযায়ী বিন্যাস করার ব্যবস্থা করেন। সম্প্রতি তিনি 'আক্তার শিপ ইয়ার্ড' নামে একটি জাহাজ মেরামত কারখানা স্থাপন করেছেন। যেখানে যন্ত্রগুলোকে কাজ অনুযায়ী না সাজিয়ে পণ্যের কাছে নিয়ে সাজাতে হয়েছে।

ক. সার্ভিস লে-আউট কী? ১

খ. রিটেইল লে-আউটের ধারণা ব্যাখ্যা করো। ২

গ. আক্তার সাহেব তার প্রথম শিল্প কারখানার কোন ধরনের বিন্যাস করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'আক্তার শিপ ইয়ার্ড'-এর বিন্যাস ব্যবস্থার সপক্ষে তোমার যুক্তি দেখাও। ৪

২.▶ ২০১৪ সালে ক দেশের মোট জনসংখ্যা ছিল ১০ কোটি এবং মোট জাতীয় আয় ছিল ৭,০০,০০০ কোটি টাকা। ২০১৪ সালে দেশটির অর্থনৈতিক কার্যক্রমের চিত্র ছিল নিম্নরূপ_

মোট জাতীয় উৎপাদন ৯ লক্ষ কোটি টাকা
হস্তান্তর পাওনা ১০,০০০ কোটি টাকা
অবচয় ২৫,০০০ কোটি টাকা
সরকারের অর্জিত মুনাফা ২৫,০০০ কোটি টাকা
সরকারের ভর্তুকি ১০,০০০ কোটি টাকা
জনসংখ্যা ছিল ১১.৫ কোটি।

ক. GDP কী? ১

খ. GNP কীভাবে পরিমাপ করা হয়? ব্যাখ্যা করো। ২

গ. ২০১৫ সালের 'ক' দেশের জাতীয় আয় নির্ণয় করো। ৩

ঘ. 'জাতীয় আয়ের বৃদ্ধি মানেই মাথাপিছু আয় বৃদ্ধি নয়'- উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা বিচার করো। ৪

৩.▶ কিশোরগঞ্জের রায়হান সাহেব একটি পোশাক কারখানা স্থাপন করলেন। তার মূলধন সঙ্কট ছিল না বিধায় তিনি দক্ষ কর্মী বাহিনী নিয়োগ দিতে সক্ষম হয়েছেন। তিনি

TeachingBD24.com

২০ জন শ্রমিক নিয়োগ দিয়েছেন যেখানে কর্মীরা ভিন্ন ভিন্ন কাজ করেন। কেউ কাপড় কাটেন, কেউ সেলাই করেন, কেউ কাপড় রং দেন ইত্যাদি। তিনি শ্রমের এই বিভাজনকে উৎপাদনের যথেষ্ট সহায়ক বলে মনে করেন।

ক. সংগঠন কী? ১

খ. "ভূমির যোগান দাম নেই"-ব্যাখ্যা করো। ২

গ. জনাব রায়হান সাহেব মূলধন গঠনের কোন পর্যায়ে অবস্থান করছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. "শ্রমের এই বিভাজনকে উৎপাদনের যথেষ্ট সহায়ক বলে মনে করেন'- উদ্দীপকের রায়হান সাহেবের উক্তিটি বিশ্লেষণ করো। ৪

৪.▶ মৃণাল চাকমা রাঙ্গামাটির একজন স্থানীয় বাসিন্দা। তিনি ব্যবসায় শিক্ষায় স্নাতকোত্তর ডিগ্রি নিয়ে চাকরি না খুঁজে একটি শিল্প প্রতিষ্ঠার উদ্যোগ নিলেন। তিনি তাঁর স্থানীয় বাসিন্দাদের দিয়ে তাঁত শিল্প গড়ে তোলার চিন্তা করলেন। তিনি জানেন রাঙ্গামাটির তাঁত বস্ত্র দেশব্যাপী খ্যাত।

ক. কাঁচামাল কী? ১

খ. ব্যবসায় স্থানীয়করণের ফলে কী সুবিধা অর্জিত হয়? ব্যাখ্যা করো। ২

গ. মৃণাল চাকমা তার ব্যবসায় প্রতিষ্ঠার ক্ষেত্রে কোন ধরনের অবস্থানের কথা ভাবছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মৃণাল চাকমার ব্যবসায় অবস্থান নির্ধারণের সপক্ষে যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৫.▶ চট্টগ্রামের রিয়াজুদ্দীন বাজারে সাগর সবজির ব্যবসায় করে। সে তার সামান্য পুঁজি নিয়ে তার ব্যবসায় চালান। একদিন হরতাল চলাকালীন সময় তার সবজির চালানে একটি ট্রাক একদল লোক এসে ভাংচুর করে এবং সমস্ত সবজি নষ্ট করে ফেলে। এতে করে তার অনেক বড় ক্ষতি হয়ে যায়। তাই হরতাল চলাকালীন সে কোনো সবজি সরবরাহ করতে যায় না।

ক. জনগোষ্ঠী কী? ১

খ. পরিবেশ কি বিপণনের কার্যাবলির ওপর প্রভাব বিস্তার করে? ব্যাখ্যা করো। ২

গ. উপরের উদ্দীপকে কোন ধরনের বিপণন পরিবেশের প্রভাব লক্ষ্য করা যাচ্ছে তা- ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব সাগর যেই পরিবেশের কারণে ব্যবসায়ে ক্ষতির সম্মুখীন হয়েছে তা কি নিয়ন্ত্রণযোগ্য? বিশ্লেষণ করো। ৪

৬.▶ জনাব হাশেম চৌধুরী একজন স্বনামধন্য ব্যবসায়ী। তার একটি ইস্পাত শিল্প কারখানা আছে। তার কারখানাটি এমনভাবে সাজানো হয়েছে যেন যন্ত্রগুলোকে একসাথে দেখে অনেকটা S আকৃতির মনে হয়। এতে করে তার কারখানাটি উৎপাদন কার্য

https://teachingbd24.com

ভালোভাবে চালাতে পারে। তবে মাঝে মাঝে নানা ধরনের অসুবিধার সম্মুখীন হতে হয়। পরবর্তীতে এগুলো সামলেই উৎপাদনকার্য চালাতে হয়।

ক. লে-আউট কী? ১

খ. বিন্যাসের ক্ষেত্রে কর্মী নিরাপত্তার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২

গ. জনাব হাশেম চৌধুরীর কারখানাটিতে কোন ধরনের বিন্যাস পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব হাশেম চৌধুরীর কারখানাটিতে বিন্যাস ব্যবস্থায় কোন ধরনের অসুবিধার সম্মুখীন হয় তা বিশ্লেষণ করো। ৪

৭.▶ 'সৃষ্টি হাউজিং লি.' তাদের চকবাজারের নতুন এপার্টমেন্ট বিক্রি করার উদ্দেশ্যে চক বাজারে মোড়ে বড় একটি বিলবোর্ডে বিজ্ঞাপন দিয়েছেন যেন সবার দৃষ্টি কাড়ে। এছাড়াও কোং টি কয়েকজন বিক্রয়কর্মী নিয়োগ দিয়েছে যারা বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সাথে কথা বলে এপার্টমেন্ট সম্পর্কে নানাবিধ তথ্য দিয়ে তাদেরকে ক্রয়ে উদ্বুদ্ধ করছে। তবে কোং-এর মালিক বিক্রয়কর্মী নিয়োগের পর বিক্রয় কার্যক্রমের নানা ধরনের ত্রুটির আশংকা করছেন।

ক. বিজ্ঞাপন কী? ১

খ. ব্যক্তিক বিক্রয়ের কয়েকটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. 'সৃষ্টি হাউজিং লি.'-এর দু'ধরনের বিক্রয়ের প্রসারের ক্ষেত্রে কোনো ভিন্নতা পরিলক্ষিত হয় কিনা? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সৃষ্টি হাউজিং লি.'-এর মালিক বিক্রয়কর্মী নিয়োগের পর যে ধরনের সমস্যার কথা ভাবছেন বাংলাদেশের প্রেক্ষাপটে তা বিশ্লেষণ করো। ৪

৮.▶ 'সুস্ময় টি গার্ডেন' শ্রীমঙ্গলে অবস্থিত। এ বাগানে উৎপাদিত চায়ের সুখ্যাতি দেশের সীমানা ছাড়িয়ে এখন বিদেশে। এরা আগে তাদের উৎপাদিত চা পলিথিনের প্যাকেটে দেশের বিভিন্ন অঞ্চলে বিক্রয়কর্মীর মাধ্যমে বিক্রয় করত। বর্তমানে 'সুস্ময় প্রিমিয়াম ব্যান্ডের চা' উন্নতমানের কাগজের প্যাকেট প্যাকিং করা হয়। তারা চা উৎপাদন ও বিপণনের সকল পর্যায়ে প্রকৃতি অথবা স্বাস্থ্যের উপর যেন কোন বিরূপ প্রভাব না পড়ে সেদিকে সতর্ক দৃষ্টি রাখে। এতে অনেক খরচ হলেও এ ব্যান্ডের চা এখন সকলের কাছেই সমাদৃত।

ক. প্রত্যক্ষ বিপণন কী? ১

খ. ডিপার্টমেন্টাল স্টোর একই বিল্ডিং-এ অবস্থিত —ব্যাখ্যা করো। ২

গ. 'সুস্ময় প্রিমিয়াম ব্রান্ড চা' কোন ধারণা অনুসরণ করেছে ব্যাখ্যা করো। ৩

https://teachingbd24.com

ঘ. 'প্রিমিয়াম ব্রান্ড চা'-এর বিপণনের ক্ষেত্রে প্রাথমিক পদ্ধতি ও বর্তমান পদ্ধতির মধ্যে কোনটা উত্তম? তুলনামূলক বিচার বিশ্লেষণ করো। ৪

৯.▶ 'অনিন্দা ফার্নিচার' তাদের ওয়েব সাইটের মাধ্যমে নানা উপায়ে ক্রেতাদের দৃষ্টি আকর্ষণের জন্য বিজ্ঞাপন দিয়ে যাচ্ছে। এতে করে যারা মোবাইলে ইন্টারনেট ব্যবহার করছে তারা এই বিজ্ঞাপনগুলো দেখছে। অন্যান্য জনসাধারণ এই ফার্নিচার সম্পর্কে খুব একটা তথ্য জানছে না। তারা টেলিভিশন বা অন্য কোনো মাধ্যমে বিজ্ঞাপন দিচ্ছে না।

ক. অন্তর্মুখী টেলি মার্কেটিং কী? ১

খ. প্রত্যক্ষ বিপণন কোনো গণ যোগাযোগ নয় —ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকটির উল্লিখিত বিজ্ঞাপনের মাধ্যমটি কোন ধরনের বিপণন ব্যবস্থা অনুসরণ করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'অনিন্দা ফার্নিচার' ব্যবহৃত মাধ্যমটিতে কোন ধরনের সমস্যা পরিলক্ষিত হয় কিনা তা বিশ্লেষণ করো। ৪

১০.▶ জাভেদ সাহেব একটি ঔষধ কোং-এর মেডিকেল রিপ্রেজেন্টেটিভ। তার কাজ হলো বিভিন্ন ওষুধের ফার্মেসি এবং হাসপাতালে ওষুধ সরবরাহ করা। তিনি দেখতে অতটা সদুর্শন না হলেও সবার সাথে খুব সহজেই মিশে যেতে পারেন। তার অমায়িক ব্যবহার ও সততা দু'টোই চোখে পড়ে। তাই ফার্মেসিগুলোও তার কোং-এর ওষুধ কিনতে আগ্রহী হয়।

ক. বিক্রয়িকতা কী? ১

খ. ব্যক্তিক বিক্রয় শিক্ষালব্ধ না জন্মগত —ব্যাখ্যা করো। ২

গ. জাভেদ সাহেবের গুণগুলো বিক্রয়িকতার কোন গুণাবলির মধ্যে পড়ে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জাভেদ সাহেবের গুণগুলো বিক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে কতটুকু কার্যকর? বিশ্লেষণ করো। ৪

১১.▶ 'মধুমিতা' একটি স্বনামধন্য মিষ্টি উৎপাদনকারী প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানটি বরাবরই ভোক্তাদের সন্তুষ্টি অর্জনে সফল হয়ে আসছে। তারা বর্তমানে নতুন এক ধরনের মিষ্টি তৈরি করেছে যা মিষ্টি প্রেমি ডায়াবেটিস রোগীদের জন্য উপযোগী। তাদের এই ডায়াবেটিস মিষ্টি বাজারে বেশ সুনামও কুড়িয়েছে এবং প্রচুর ক্রেতা তৈরি করেছে।

ক. মূল্য কী? ১

খ. বাট্টা ও ছাড় কি একই বিক্রয় প্রসার? ব্যাখ্যা করো। ২

গ. 'মধুমিতা' কোং-এর ডায়াবেটিস মিষ্টি বাজার বিভক্তিকরণের কোন ভিত্তির উপর নির্ভর করে তৈরি করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মধুমিতা কোং-টির বাজার বিভক্তিকরণের যৌক্তিকতা উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

# উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন-দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৩০ মিনিট  পূর্ণমান— ৩০  বিষয় কোড : | ২ | ৮ | ৭ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বিপণনের সকল কর্মকান্ড কাদের নিয়ে আবর্তিত?
ক) ক্রেতা  খ) ভোক্তা
গ) পাইকার  ঘ) জনগণ

২. দি হিস্টরী অব মার্কেটিং বইটি কে লিখেছেন?
ক) নিউম্যান  খ) মার্শাল
গ) বার্টেল  ঘ) স্কিনার

৩. বিপণন শব্দটি কত সালে সর্বপ্রথম ব্যবহার করা হয়?
ক) ১৯০৫-১৯১০  খ) ১৯০৬-১৯১১
গ) ১৯০৭-১৯১২  ঘ) ১৯১০-১৯১৫

৪. বিপণন পরিবেশ হলো কতিপয় শক্তি ও সত্তার—
ক) মিলন  খ) সমন্বয়
গ) দাপট  ঘ) বিয়োগফল

৫. বিজ্ঞাপন শব্দটি কোন শব্দ থেকে এসেছে?
ক) ল্যাটিন  খ) ফারসী
গ) তুর্কী  ঘ) চীনা

৬. পণ্য কত প্রকার?
ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

৭. ভোগ্য পণ্য কত প্রকার?
ক) ২  খ) ৩
গ) ৪  ঘ) ৫

৮. দালাল হলো এক ধরনের—
ক) পাইকার  খ) ভোক্তা
গ) মধ্যস্থব্যবসায়ী  ঘ) বিক্রেতা

৯. ইংরেজী প্রমোশন শব্দটি ল্যাটিন কোন শব্দ থেকে এসেছে?
ক) প্রমোভার  খ) প্রমোট
গ) প্রমোভ  ঘ) প্রমোটিং

১০. বিজ্ঞাপনের সংজ্ঞা বিশ্লেষণ করতে কয়টি বৈশিষ্ট্য লক্ষ করা যায়?
ক) তিনটি  খ) চারটি
গ) পাঁচটি  ঘ) ছয়টি

১১. একজন আদর্শ বিক্রয়কর্মীর গুণাবলি প্রধানত কয়টি?
ক) তিনটি  খ) চারটি
গ) পাঁচটি  ঘ) ছয়টি

১২. অমলিন হাসি বিক্রয়কর্মীর কেমন গুণাবলি?
ক) মানবিক  খ) শারীরিক
গ) নৈতিক  ঘ) সামাজিক

১৩. মিশুক স্বভাব বিক্রয়কর্মীর কেমন গুণাবলি?
ক) শারীরিক  খ) মানসিক
গ) নৈতিক  ঘ) অন্যান্য

১৪. ক্রেতাদের সাথে সরাসরি টেলিফোনের মাধ্যমে বিক্রয়ের প্রচেষ্টাকে কী বলে?
ক) ডাক বিপণন  খ) টেলিমার্কেটিং
গ) ফ্যাক্স  ঘ) ই-মেইল

১৫. বিপণন কী?
ক) পণ্য উৎপাদন
খ) পণ্যের ভ্যালু সৃষ্টি
গ) পণ্য ভোগ
ঘ) গ্রাহকদের সন্তুষ্টি বিধান

১৬. শিল্প বিপ্লব কোথায় সংঘটিত হয়েছিল?
ক) যুক্তরাষ্ট্রে
খ) ইংল্যান্ডে
গ) ফ্রান্সে
ঘ) জাপানে

উদ্দীপকটি পড়ো এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও।

সানসাইন একটি সু-প্রতিষ্ঠিত আন্তর্জাতিক ব্র্যান্ড। 'সূর্যমুখী' সাবান প্রতিষ্ঠানটির একটি জনপ্রিয় পণ্য। বিশ্বব্যাপী এ সাবানের বিপুল চাহিদা থাকা সত্ত্বেও প্রতিষ্ঠানটি 'সূর্যমুখী' সাবানের সাথে লটারির মাধ্যমে স্বর্ণের লকেট দেওয়ার প্রস্তাব দিয়েছেন।

১৭. সানসাইনের 'সূর্যমুখী' সাবানের ব্যাপক চাহিদার কারণ কোনটি?
ক) ব্র্যান্ডের পরিচিতি
খ) স্বল্প পণ্যের মূল্য
গ) পণ্যের বৈচিত্র্যতা
ঘ) লকেট দেওয়া প্রস্তাব

https://teachingbd24.com

১৮. স্বর্ণের লকেট দেওয়ার প্রস্তাব দিয়েছেন—

i. ক্রেতা সন্তুষ্টি অর্জনের জন্য

ii. বিক্রয়ের পরিমাণ বৃদ্ধির জন্য

iii. পণ্যের নিম্নমানের জন্য

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii

গ ii ও iii　　ঘ i, ii ও iii

১৯. অর্থনৈতিক পরিবেশের অন্তর্ভুক্ত উপাদান হলো—

i. শিক্ষা ও পেশা

ii. আয় ও ব্যয়

iii. সঞ্চয় ও ঋণ

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ ii ও iii

গ i ও iii　　ঘ i, ii ও iii

২০. বিপণনের মাধ্যমে কোন ধরনের উপযোগ সৃষ্টি হয়?

i. স্থানগত

ii. কালগত

iii. রূপগত

নিচের কোনটি সঠিক?

ক i ও ii　　খ i ও iii

গ ii ও iii　　ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব আবির দিনাজপুর থেকে লিচু ক্রয় করে নিজের হিমাগারে সংরক্ষণ করে। পরবর্তীতে বড়, ছোট ও মাঝারি আকারে বিভক্ত করে ঢাকায় বিক্রয় করেন। এতে মুনাফা অর্জিত হয়।

২১. মি. আবীর কোন ধরনের উপযোগ সৃষ্টি করেছেন?

ক রূপগত　　খ সময়গত

গ জ্ঞানগত　　ঘ ঝুঁকিগত

২২. জনাব আবিরের মুনাফা অর্জনের মূল কারণ কী?

ক পর্যায়িতকরণ　　খ পরিবহন

গ বিজ্ঞাপন　　ঘ মোড়কীকরণ

২৩. ক্রেতাদের অভিযোগ নিষ্পত্তির কৌশল কোনটি?

ক বিজ্ঞাপন　　খ বিক্রয় প্রসার

গ ব্যক্তিক বিক্রয়　　ঘ গণসংযোগ

২৪. কোনটির একাধিক শাখা থাকে?

ক চেইন স্টোর

খ বিভাগীয় বিপণী

গ সুপার মার্কেট

ঘ সুপার স্টোর

২৫. কোনটি স্থায়ী ব্যয়?

ক বাড়ি ভাড়া

খ বিক্রয় পরিবহন

গ বিক্রয় কমিশন

ঘ উৎপাদন খরচ

২৬. পণ্য বিক্রয়ের পরিমাণ সর্বোচ্চ স্তরে পৌঁছে কোন স্তরে?

ক সূচনা স্তরে　　খ পূর্ণতা স্তরে

গ প্রবৃদ্ধি　　ঘ ধারণা উন্নয়ন স্তরে

২৭. কোন পণ্যের বণ্টন প্রণালী সাধারণত দীর্ঘ হয়?

ক কৃষি　　খ শিল্প

গ সেবা　　ঘ ভোগ্য

২৮. ব্যাংক কোন ধরনের মধ্যস্থ ব্যবসায়ী?

ক বণিক মধ্যস্থ ব্যবসায়ী

খ কমিশন এজেন্ট

গ দায় গ্রাহক

ঘ কার্যভিত্তিক

২৯. কোন ধরনের মার্কেটিংকে টেকসই মার্কেটিং বলা হয়?

ক ক্যাটালগ　　খ কিয়স্ক

গ অনলাইন　　ঘ গ্রীন

৩০. নিচের কোনটিতে বিক্রয়কর্মী থাকে না?

ক বিভাগীয় বিপণী

খ পরিকল্পিত বিপণী

গ চেইন স্টোর

ঘ সুপার মার্কেট

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | গ | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | গ | ২৭ | ঘ | ২৮ | ঘ | ২৯ | ঘ | ৩০ | ঘ |

https://teachingbd24.com